**ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED**
**(A Subsidiary of ICB)**

Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
E-mail: info@icbamcl.com.bd; Web: www.icbamcl.com.bd
Phone: +88 02 8300412-15, Fax: +88 02 8300416.

# অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৯
০১ আগস্ট ২০২২

## প্রজ্ঞাপন নং-০৩/২০২২

বিদ্যুৎ ও জ্বালানী খরচসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে অফিসসমূহে মিতব্যয়িতা চর্চার প্রতিপালন সংক্রান্তে জাতীয় রাজস্ব বোর্ড এর ২৫ জুলাই ২০২২ তারিখের ০৮.০১.০০০০.০০৩.২৩.০০১.১৫/৯৪২ নম্বরযুক্ত স্মারক, আর্থিক প্রতিষ্ঠান পরিচালনায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্তে বাংলাদেশ ব্যাংক এর ২৭ জুলাই ২০২২ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৬, পরিচালন ও উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাসকরণ সংক্রান্তে বাংলাদেশ ব্যাংক এর ২৭ জুলাই ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০ এবং এ সংক্রান্তে আইসিবি'র ২৮ জুলাই ২০২২ তারিখের বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের নিমিত্ত এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

(মল্লিক রওশন আলম)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণঃ**

০১। চেয়ারম্যান এর সচিবালয়, আইএএমসিএল।
০২। ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, আইসিবি।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইএএমসিএল।
০৪। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইএএমসিএল।
০৫। উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাগণের দপ্তর, আইএএমসিএল।
০৬। সকল ডিপার্টমেন্ট/ইউনিট, আইএএমসিএল।
০৭। অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

০১। জ্যেষ্ঠতম কর্মকর্তা, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইএএমসিএল।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন, ঢাকা।

**রিয়েল এস্টেট ডিপার্টমেন্ট**

তারিখঃ ২৮.০৯.২০২২ খ্রি

**বিজ্ঞপ্তি**

বিদ্যুৎ ও জ্বালানী খরচসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে অফিসসমূহে মিতব্যয়িতা চর্চার প্রতিপালন সংক্রান্তে'জাতীয় রাজস্ব বোর্ড' এর ২৫ জুলাই, ২০২২ তারিখের ০৮.০১.০০০০.০০৩.২৩.০০১.১৫/৯৪২ নম্বরযুক্ত স্মারকটি, আর্থিক প্রতিষ্ঠান পরিচালনায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় প্রসঙ্গে 'বাংলাদেশ ব্যাংক' এর ২৭ জুলাই, ২০২২ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৬ এবং পরিচালন ও উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাসকরণ প্রসঙ্গে 'বাংলাদেশ ব্যাংক' এর ২৭ জুলাই, ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০ সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে এতৎসঙ্গে জারি করা হলো।

**(তাপস ঢালী)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি;
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি;
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ;
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা;
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা;
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

০১.সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nbr.gov.bd

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০০৩.২৩.০০১.১৫/৯৪২

তারিখ: ১০ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ বিদ্যুৎ ও জ্বালানী খরচসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে অফিসসমূহে মিতব্যয়িতা চর্চার প্রতিপালন প্রসঙ্গে।**

চলমান বৈশ্বিক অস্থিতিশীল পরিস্থিতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিদ্যুৎ খাতে ২৫% ও জ্বালানী খাতে খরচ ২০% সাশ্রয়সহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নোক্ত মিতব্যয়িতা চর্চার নির্দেশনা প্রদান করা হলোঃ

০১। অফিস কক্ষে অবস্থান না করলে কক্ষের বৈদ্যুতিক পাখা, বাতি, এসি, টেলিভিশন ইত্যাদি যন্ত্র বন্ধ (Switch off) নিশ্চিত করতে হবে।

০২। বৈদ্যুতিক বাতি ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ মিতব্যয়িতা নিশ্চিত করতে হবে। অফিস কক্ষ, অফিস করিডোর, সম্মেলন কক্ষসহ সকল প্রযোজ্য ক্ষেত্রে যৌক্তিকতার নিরিখে অনাবশ্যক বাতি না জ্বালানো নিশ্চিত করতে হবে।

০৩। এসি এর তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে রাখা যাবে না।

০৪। অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।

০৫। গাড়ির জ্বালানী খরচ কমানোর জন্য গাড়িতে এসির ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে।

০৬। গাড়ির অপ্রয়োজনীয় ব্যবহার পরিহার করতে হবে।

০৭। গাড়ির জ্বালানী বাবদ ব্যয় বিদ্যমান খরচ অপেক্ষা ২০ শতাংশ হ্রাস নিশ্চিতকরণের জন্য অফিস প্রধান নিয়মিত মনিটরিং নিশ্চিত করবে।

০৮। সকল মিটিং/সভাসমূহ যতদূর সম্ভব অনলাইন প্লাটফর্মের মাধ্যমে (Zoom অ্যাপসহ অন্যান্য) সম্পন্ন নিশ্চিত করতে হবে।

০৯। জাতীয় রাজস্ব বোর্ডসহ আওতাধীন অফিসসমূহে কর্মরত কর্মচারীদের নিতান্ত অত্যাবশ্যক না হলে বিদেশ ভ্রমণ নিরুৎসাহিত করতে হবে। জটিল রোগের ক্ষেত্রে বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যয়নে বিদেশে চিকিৎসার রেফারেন্স এর ভিত্তিতে চিকিৎসার জন্য বিদেশ ভ্রমনের বিষয়ে কর্তৃপক্ষ বিবেচনা করবে।

১০। দাপ্তরিক কাজের ক্ষেত্রে কাগজসহ অন্যান্য সরঞ্জামাদির-সর্বোচ্চ ও কাম্য ব্যবহার নিশ্চিত করতে হবে। (যেমন, কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করতে হবে এবং অপ্রয়োজনীয় প্রিন্ট পরিহার করতে হবে)

১১। বিদ্যুৎ খাতে ২৫% এবং জ্বালানী খাতে খরচ ২০% হ্রাসকরণের লক্ষ্যে একই সময়ের পূর্ববর্তী বছরের মাসসমূহকে ভিত্তি হিসাবে নির্ধারণপূর্বক এ অর্থ বছরের মাসসমূহের সাথে তুলনা করে উক্ত ব্যয় নিয়মিত মনিটরিং করতে হবে।

১২। মাঠ পর্যায়ের অফিসসমূহ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে অর্থ বছরের শুরু থেকেই প্রয়োজনীয় কর্ম-পরিকল্পনা ও কার্যকর পদক্ষেপ গ্রহন করবে।

১৩। প্রতিটি অফিসে নিজস্ব ক্রয় পরিকল্পনা পুন:পর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাসের উদ্যোগ গ্রহণে সচেষ্ট হবে।

১৪। প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তসহ ধীরগতির প্রকল্পসমূহের বাস্তবায়নে বিশেষ দৃষ্টি দিতে হবে।

স্বা: ২৫/০৭/২২
(বশীর আহমেদ)
সদস্য (বোর্ড প্রশাসন)
ফোন: ৮৩৯১৪৮৪

স্মারক নম্বর- ০৮.০১.০০০০.০০৩.২৩.০০১.১৫/ ৯৪২

তারিখ: ১০ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) এবং সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (মাঠ পর্যায়ের সকল অফিসসমূহে অফিস আদেশ প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৩. মহাপরিচালক (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (তাঁকে নোটিশটি ওয়েবসাইটে আপলোডকরণের জন্য অনুরোধ করা হলো)
৫. প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮. দ্বিতীয় সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

<u>অনুলিপি (সদয় অবগতির জন্য)</u>

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

25/07/22

(মোঃ সাইফুর রহমান রাসেল)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩)

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৬

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৯ / ২৭ জুলাই ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

**আর্থিক প্রতিষ্ঠান পরিচালনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে ২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ প্রসঙ্গে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১-এর ২১/০৭/২০২২ তারিখের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬ এ বর্ণিত নির্দেশনার সাথে সঙ্গতি রেখে আপনাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) প্রতিষ্ঠানের সার্বিক পরিচালনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সর্বোচ্চ যত্নবান হতে হবে;

খ) বিদ্যুৎ ও জ্বালানি খাতে প্রতিষ্ঠানের বরাদ্দকৃত অর্থের ন্যূনতম ২৫% সাশ্রয় করতে হবে; এবং

গ) বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

৩। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০

তারিখঃ ২৭ জুলাই ২০২২
১২ শ্রাবণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পরিচালন ও উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাসকরণ প্রসঙ্গে।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকার কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে কতিপয় খাতে পরিচালন ও উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়। এতদ্‌প্রেক্ষিতে ব্যাংকসমূহের ২০২২ পঞ্জিকা বছরের অবশিষ্ট ০৬ মাস (জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২) এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ মাস (জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩) সময়ে কতিপয় খাতের পরিচালন ও উন্নয়ন ব্যয় স্থগিত/হ্রাসকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াদি যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে;

খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন, ভ্রমণ, কম্পিউটার ও আনুষঙ্গিক, বৈদ্যুতিক সরঞ্জামাদি, আসবাবপত্র ও অন্যান্য মনিহারি খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং

গ) উপরের (ক) ও (খ) এর নির্দেশনা মোতাবেক সাশ্রয়কৃত অর্থ অন্য কোন খাতে বরাদ্দ বা ব্যয় করা যাবে না।

২। পূর্বোক্ত অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে ব্যয় হ্রাস সংক্রান্ত তথ্য ও দলিলাদি ব্যাংকের প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট ব্যাংক পরিদর্শনকালে নিরীক্ষার নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের পরিদর্শকগণের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ করতে হবে।

৩। উপরোক্ত নির্দেশনার ক্ষেত্রে জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত সময়ের ব্যয়িত অর্থ ডিসেম্বর/২০২২ এর আর্থিক বিবরণী এবং জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের ব্যয়িত অর্থ ডিসেম্বর/২০২৩ এর আর্থিক বিবরণীতে প্রতিফলিত হতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)